দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 06 JAN 1989
পৃষ্ঠা ... কলাম 6

# ইসলামী বিশ্ববিদ্যালয় ঢাকাতেই বহাল রাখুন

## ছারছীনার পীর ছাহেব

ঢাকার উপকণ্ঠ গাজীপুর বোর্ড বাজার থেকে ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া-যশোর সীমান্তে শান্তি ডাংগা দুলালপুরে স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহার করে ইসলামী বিশ্ববিদ্যালয় যথাস্থানে বহাল রাখার জন্য ছারছীনার পীর ছাহেব হযরত মাওলানা শাহ আবু জাফর মোঃ ছালেহ আবেদন জানিয়েছেন।

সংবাদপত্রে প্রদত্ত এক বিবৃতিতে ছারছীনার পীর ছাহেব বলেন, প্রেসিডেন্ট আলহাজ্জ হুসেইন মুহম্মদ এরশাদই এদেশের আলেম-উলামা, মাদ্রাসা শিক্ষক-ছাত্র ও ধর্মপ্রাণ মুসলমানদের দাবীর প্রতি সম্মান দেখিয়ে এবং ইসলামী শিক্ষার সার্বিক উন্নয়নের মহৎ লক্ষ্য সামনে রেখে পূর্ববর্তী সরকারের সিদ্ধান্ত বাতিল করে মুসলিম ঐতিহ্যের জন্য

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## ছারছীনা পীর

প্রথম পৃষ্ঠার পর

খ্যাত রাজধানী শহর ঢাকার উপকণ্ঠে ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছেন। এ জন্য তিনি বাংলাদেশসহ বিভিন্ন মুসলিম দেশে অভিনন্দিত হয়েছেন। এ বিশ্ববিদ্যালয় যখন প্রাথমিক পর্যায় অতিক্রম করে ইসলামী শিক্ষার ক্ষেত্রে অবদান সৃষ্টি করতে চলছিল তখন এটি পুনঃ স্থানান্তরের সিদ্ধান্ত কল্যাণকর নয় বলে আমি মনে করি।

তিনি বলেন, দেশে ইসলামী বিশ্ববিদ্যালয় আরো প্রতিষ্ঠিত হওয়া দরকার। সুতরাং ঢাকায় যে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে তা বহাল রেখে শান্তি ডাংগা দুলালপুরে আর একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা যেতে পারে।

তিনি বলেন, রাজধানী শহরের উপকণ্ঠে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অবস্থানের বিশেষ গুরুত্ব রয়েছে। দুনিয়ার ২য় বৃহত্তম মুসলিম দেশের রাজধানীতে দু'টি সাধারণ বিশ্ববিদ্যালয়, একটি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পাশে একটি মাত্র ইসলামী বিশ্ববিদ্যালয়ের অবস্থান দেখে কারো গাত্রদাহ হওয়া উচিত নয়।

ইসলাম আমাদের রাষ্ট্রধর্ম। বিভিন্ন ধরনের একাধিক বিশ্ববিদ্যালয় ও টেকনিক্যাল কলেজ, মেডিকেল কলেজসহ বহুসংখ্যক প্রতিষ্ঠান রাজধানী ও তার আশপাশে থাকতে পারলে ইসলামী বিশ্ববিদ্যালয় না থাকতে পারার কারণ মোটেই সন্তোষজনক নয়। তিনি বলেন, আজকের বিশ্ব পরিস্থিতির প্রেক্ষিতে ঈমানের সাথে বাঁচা ও আধুনিক যুগের চাহিদা মিটানো— এ দুই প্রয়োজনীয়তার দিকে লক্ষ্য রেখে মুসলিম বিশ্বের জন্য নিজস্ব শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার প্রয়োজন অত্যন্ত তীব্রভাবে দেখা দিয়েছে। ইসলামী বিশ্ববিদ্যালয়কে এই লক্ষ্যে গড়ে তোলা প্রয়োজন। এ সুযোগ মফঃস্বলে তৈরী করা আমাদের মত গরীব দেশের পক্ষে প্রায় অসম্ভব। তাই এতদঞ্চলের প্রথম ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রতি দৃষ্টি আজ মুসলিম জাহানের। আমি আশা করি, সরকার এসব দিক বিবেচনা করে স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহার করে ইসলামী বিশ্ববিদ্যালয় ঢাকাতেই বহাল রাখবেন।